সুরের জালে কে জড়ালে আমার মন,
আমি   ছাড়াতে পারি নে সে বন্ধন ॥
আমায়    অজানা গহনে টানিয়া নিয়ে যে যায়,
বরন-বরন স্বপনছায়ায় করিল মগন ॥
জানি না কোথায় চরণ ফেলি,   মরীচিকায় নয়ন মেলি–
কী ভুলে ভুলালো দূরের বাঁশি !    মন উদাসী
আপনারে    হারালো, ধ্বনিতে আবৃত চেতন ॥